দৈনিক ইত্তেফাক

তারিখ 07 DEC 1993
পৃষ্ঠা ৭ কলাম ৫

# রংপুর পলিটেকনিক ইনষ্টিটিউট বন্ধ ঘোষণা

রংপুর সংবাদদাতা ।। রংপুর পলিটেকনিক ইনসটিটিউট অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হইয়াছে। বার্ষিক পরীক্ষায় অধিকাংশ ছাত্র-ছাত্রী অকৃতকার্য

(২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## রংপুর পলিটেকনিক

( প্রথম পৃঃ পর )

হওয়ায় গত রবিবার মধ্যরাতে পলিটেকনিক ইনসটিটিউটের তৃতীয় বর্ষের ছাত্ররা অধ্যক্ষ ও কয়েকজন শিক্ষকের বাসায় হামলা ও ভাংচুর করে। এই ঘটনার প্রেক্ষিতে পলিটেকনিক ইনসটিটিউট অনির্দিষ্টকালের জন্য বন্ধের সিদ্ধান্ত নেওয়া হয়। একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী গতকাল (সোমবার) বেলা পাঁচটার মধ্যে হল ত্যাগের নির্দেশ দেওয়া হইয়াছে।

ইনসটিটিউটের অধ্যক্ষ অবশ্য দেশের বাহিরে রহিয়াছেন। পুলিশ ঘটনাস্থলে আসিয়া পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ক্যাম্পাসে এখনও পুলিশ মোতায়েন রহিয়াছে।

SHEET —— OF —— SHEETS